

১০/০৮/০৭
৪২

শতভাগ ফেল

● এমপিও বাতিল হচ্ছে
৬০ শিক্ষা প্রতিষ্ঠানের

নিম্ন বার্তা পরিবেশক

গত বছরের এইচএসসি, আলিম, ফাজিল ও কামিল এবং কারিগরি বোর্ডের এইচএসসি ভোকেশনাল পরীক্ষায় যেনব শিক্ষা প্রতিষ্ঠানে কোন পরীক্ষার্থী পাস করেনি। সেনব প্রতিষ্ঠানের শিক্ষকদের এমপিও সাময়িকভাবে বাতিল করা হবে। তবে পরবর্তী ২০০৮ সালে ফলাফল ভাল করলে আবার এমপিও দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

এইচএসসি, মাদরাসা ও কারিগরিনব দেশের ৯টি বাতিল : পৃষ্ঠা : ১১ ক : ২

বাতিল : হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষা বোর্ডের অধীনে ৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষার্থীই এবারের এইচএসসি ও সমমান পরীক্ষায় পাস করেনি। এর মধ্যে ঢাকা বোর্ডে ৬টি, রাজশাহী বোর্ডে ৮টি, যশোর বোর্ডে ৫টি, চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৩টি, বরিশাল বোর্ডে ৬টি, মাদ্রাসা বোর্ডে ২০টি, কারিগরি বোর্ডে ৯টি শিক্ষা প্রতিষ্ঠানে এবার কোন পরীক্ষার্থীই পাস করেনি। তবে কুমিল্লা ও সিলেট শিক্ষা বোর্ডে এ ধরনের কোন প্রতিষ্ঠান নেই।

গত বছর ২০০৬ সালে এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৮৬টি। এর মধ্যে ঢাকা বোর্ডে ১টি, রাজশাহী বোর্ডে ২২টি, যশোর বোর্ডে ৮টি, চট্টগ্রাম বোর্ডে ৫টি, বরিশাল বোর্ডে ৩টি, মাদ্রাসা বোর্ডে ৩১টি। একইভাবে গত বছর কুমিল্লা, সিলেট ও কারিগরি শিক্ষা বোর্ডে এ ধরনের শিক্ষা প্রতিষ্ঠান ছিল না।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব একেএম আবদুল আওয়াল মজুমদার সাংবাদিকদের বলেন, যেনব শিক্ষা প্রতিষ্ঠানে কোন পরীক্ষার্থী পাস করেনি ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের এমপিও সাময়িকভাবে বন্ধ রাখা হবে এবং তাদের টার্গেট দেয়া হবে আগামী ২০০৮ সালের এইচএসসি পরীক্ষায় ফলাফল ভালো করার। এমনকি ফল ভালো করলে তাদের বিভিন্ন সুযোগ-সুবিধা বাড়িয়ে দেয়া হবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এর আগেও যেনব কলেজ থেকে কোন পরীক্ষার্থী পাস করতে পারেনি সেনব কলেজের শিক্ষকদের এমপিও সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। আর এর ফলে পরবর্তী সময়ে ওইসব কলেজে ফলাফল ভাল হয়েছে।